

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd



জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০১৭.৩৩.০২১.২০.১২৪

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৭
০৯ আগস্ট ২০২০

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনি জনাব আব্দুল আজিজ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনা “ গ্রীণ এভিয়েশন (হজ লাইসেন্স নং-৭৯৩) ” এর স্বত্বাধিকারী হিসেবে হজ পোর্টালে অন-লাইনে ০২ জন নিবন্ধিত ব্যক্তির নিবন্ধন বাতিলপূর্বক টাকা ফেরতের আবেদন করেছেন। হজযাত্রীদের সাথে টেলিফোনে আলাপকালে জানা যায় যে, জনাব মো: আমিনুল ইসলাম, মোছা: জাহানারা বেগম দুই জন অর্থ রিফান্ড সংক্রান্ত আবেদন করেন নাই। সুতরাং বোঝা যায় যে, এজেন্সি হজযাত্রীদের না জানিয়েই আবেদন করেছেন। যা জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০২। আপনার মালিকানাধীন “ গ্রীণ এভিয়েশন (হজ লাইসেন্স নং-৭৯৩) ” হজ এজেন্সির লাইসেন্স কেন বাতিল করা হবে না তাঁর জবাব আগামী ০২ (দুই) দিনের মধ্যে ই-মেইল (morahajsection@gmail.com) ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫-৮-২০২০

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন
সিনিয়র সহকারী সচিব

ইমেইল: hajj_sec1@mora.gov.bd

স্বত্বাধিকারী
গ্রীণ এভিয়েশন (হজ লাইসেন্স নং-৭৯৩), ৭ এ,
ট্রপিকানা টাওয়ার (৩য় তলা), ৪৫ তোপখানা রোড,
ঢাকা-১০০০।


স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০১৭.৩৩.০২১.২০.১২৪/১(৯)

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৭
০৯ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩) সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

- ৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৫) কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
- ৬) পরিচালক, হজ অফিস, আশাকোনা, ঢাকা (বর্ণিত এজেন্সির ইউজার আইডি এবং পাসওয়ার্ড বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
- ৮) সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সত্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা (হজযাত্রীর নিবন্ধন বাতিল ও টাকা ফেরতের জন্য অন লাইনে আবেদন করার সময় যেন সংশ্লিষ্ট এজেন্সি যেন আবশ্যিকভাবে সতর্কতা অবলম্বন করে সে বিষয়ে সকল সদস্যকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বা অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট এজেন্সির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে)।
- ৯) অফিস কপি



১৫-৮-২০২০

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন
সিনিয়র সহকারী সচিব